দৈনিক সংবাদ

তারিখ 27 FEB 1998
পৃষ্ঠা ১ কলাম ১

24

# প্রাথমিক শিক্ষকের শূন্য পদ ৭ হাজার ২ হাজার নিয়োগ পাচ্ছে মার্চে

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে ৭ হাজার ৮ শ' ৭০টি শিক্ষকের শূন্য পদে জরুরিভিত্তিতে আগামী মাসের মধ্যেই প্রায় ২ হাজার শিক্ষক নিয়োগ করা হচ্ছে।

প্রচলিত নীতিমালা অনুযায়ী কোটা, লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে এসব শিক্ষক নিয়োগ দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

গত বছরের জুন মাসের শেষদিকে সারাদেশে সহকারী শিক্ষকের শূন্য পদগুলো পূরণের জন্য লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। তিন লাখেরও বেশি পরীক্ষার্থী এতে অংশগ্রহণ করেন।

আরো জানা যায় ঃ আগামী মাসের

শিক্ষক ঃ পৃঃ ১১ কঃ ১

## শিক্ষক ঃ পদ শূন্য

(১ম পৃষ্ঠা পর)

শেষদিকে অথবা এপ্রিলের প্রথমদিকে সারাদেশে প্রচলিত নিয়ম অনুযায়ী আরো ২ হাজার শিক্ষক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রায় ১ হাজার ২শ' প্রধান শিক্ষকের শূন্য পদ পূরণের উদ্যোগ নেয়া হবে।

উল্লেখ দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষকের শূন্য পদের মধ্যে রয়েছে ১ হাজার ২শ' ৭টি প্রধান শিক্ষক এবং ৬ হাজার ৬শ' ৬৩টি সহকারী শিক্ষকের পদ।